

## ■ সহীহ ইবনু হিব্রান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৫৯

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كتاب الرّقائق)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো নিজের আমলের উপর নির্ভর না করা এবং বিভিন্ন অবস্থায় ‘বাধ্যগত অবস্থার’ প্রতি আশ্রয় নিবে না

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرءِ مِنْ تَرْكِ الِاتِّكَالِ عَلَى مَوْجُودِ الطَّاعَاتِ دُونَ التَّسْلُقِ  
بِالاضْطِرَارِ إِلَيْهِ فِي الْأَحْوَالِ

আরবী

659 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ الْحَنْظَلِيُّ قَالَ:  
حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ: أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ هَمَّامٍ بْنِ مُنْبِهِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: وَقَالَ  
رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لِيَسْ أَحَدٌ مِنْكُمْ يُنْجِيهِ عَمَلُهُ وَلَكِنْ سَدِّدُوا وَقَارِبُوا)  
قَالُوا: وَلَا أَنْتَ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: (وَلَا أَنَا إِلَّا أَنْ يَتَغَمَّدَنِي بِمَغْفِرَةٍ وَفَضْلٍ)  
الراوي : أبو هريرة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات  
الحسان على صحيح ابن حبان  
الصفحة أو الرقم: 659 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৬৫৯. আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “তোমাদের মাঝে এমন কেউ নেই, যাকে তার আমল পরিত্রাণ দিবে। তবে তোমরা মধ্যমপন্থা অবলম্বন করবে এবং মধ্যমপন্থার কাছাকাছি থাকবে।” তখন এক ব্যক্তি বললেন: “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনাকেও না?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “না, আমাকেও আমার আমল পরিত্রাণ দিবে না। তবে মহান আল্লাহ আমাকে স্বীয় অনুগ্রহ ও ক্ষমা দ্বারা ঢেকে নিবেন।”[1]

ফুটনোট

[1] মুসন্দ আহমাদ: ২/৪৫১; সহীহ মুসলিম: ২৮১৬; আত তায়ালিসী: ২৩২২; মুসন্দ আহমাদ: ২/৫১৪; সহীহ আল বুখারী: ৬৪৬৩; সুনানু বাইহাকী: ৩/১৮; বাগাবী, শারভস সুনাহ: ৪১৯২; ইবনু মাজাহ: ৪২০১; বায়য়ার:

৩৪৪৮।

হাদীসটির সানাদকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাত্তুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন।  
আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাত্তুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ২৬০২)

হাদিসের মান: সহীহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89161>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন